

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৪৭০০.০১৭.৯৯.০০১.১৬- ৭৮৯

তারিখ : ২৩ ভাদ্র, ১৪২৩
০৭ সেপ্টেম্বর, ২০১৬

বিষয় : খুলনা জেলার তেরখাদা উপজেলার বাসারত ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের প্রশাসনিক অনুমোদন প্রদান বিষয়ে তথ্য প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা এর পত্র নং-৩৬৫, তারিখ : ০৭/০৮/২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার তেরখাদা উপজেলার বাসারত ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের প্রস্তাবটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের, ১৬.০৯.২০১৩ তারিখের ৪৬.০১৭.০২২.০০.০০.০১১.২০১৩-৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের শর্তাদি অনুসরণ করে পরিপত্রের ৩নং ক্রমিকে উল্লিখিত নিম্নোক্ত তথ্যাদি যথাযথভাবে সংযোজন করে সুস্পষ্ট মতামতসহ সয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- ক. প্রস্তাবিত জমিতে কমপ্লেক্স ভবন নির্মাণ বিষয়ে ইউপি সভার সকল সদস্যের স্বাক্ষরিত কার্যবিবরণীর মূল/সত্যায়িত ছায়ািলপি(উপজেলা নির্বাহী অফিসার দ্বারা সত্যায়িত হতে হবে);
- খ. জমির দলিল ও ইউনিয়ন পরিষদের অনুকূলে নাম জারির পর্চা, খতিয়ান এর মূল/নকলের কপি;
- গ. প্রস্তাবিত জায়গার অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা চিহ্নিত করে এবং দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ (ট্রেসিং পেপারে রঞ্জিন কালি দ্বারা চিহ্নিত করে);
- ঘ. সহকারী কমিশনার(ভূমি) কর্তৃক প্রস্তাবিত জমির মৌজা, জে.এল নং, খতিয়ান, দাগ এবং জমির পরিমাণ উল্লেখ করে বিস্তারিত তফসীল;
- ঙ. স্থানটি দানসূত্রে প্রাপ্ত হলে দানপত্র দলিল বা দাতার অংগীকারনামা, দাতার মালিকানা প্রমাণের দলিল ও পর্চার মূল/নকলের কপি;
- চ. প্রস্তাবিত জায়গাটি নতুন জায়গা হলে পরিপত্রের ৩(চ) ক্রমিকে উল্লিখিত নির্দেশনা প্রতিপালন করে প্রস্তাব প্রেরণ;
- ছ. সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক জমির নিষ্কন্টক ও অখন্ডতার প্রত্যয়নপত্রসহ প্রস্তাবিত জমির তফসীল;
- জ. প্রস্তাবিত জমিতে কমপ্লেক্স ভবন নির্মাণ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের পরিদর্শন প্রতিবেদন; এবং
- ঝ. স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫নং স্মারকে জারীকৃত পরিপত্র অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় সকল কাগজাদি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা সহকারী কমিশনার(ভূমি) কর্তৃক সত্যায়িত করে প্রেরণ।

Saim
০৭.০৯.১৬

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
খুলনা।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে) :

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।